



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭৩.৩৮.০৯৩.১৪.২৪০

তারিখ: ১১ অগ্রহায়ন ১৪৩০
২৬ নভেম্বর ২০২৩

বিষয়: সহশিক্ষা চালুকরণের লক্ষ্যে পরিদর্শন প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত শিক্ষা প্রতিষ্ঠানের সহশিক্ষা চালুকরণের লক্ষ্যে অনুরোধ জানানো হয়েছে।

ক্র.নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	আবেদনকারী
১.	কে.এন.বি মাধ্যমিক বালক বিদ্যালয় (খাদিমপুর), উপজেলা: মিরপুর, জেলা: কুষ্টিয়া।	মোঃ আব্দুল বাকী, প্রধান শিক্ষক, কে.এন.বি মাধ্যমিক বালক বিদ্যালয়।
২.	চরঈশ্বর রায় দাসের হাট উচ্চ বিদ্যালয়, (দাসেরহাট), উপজেলা: হাতিয়া, জেলা: নোয়াখালী।	অঞ্জন কুমার দাস, প্রধান শিক্ষক, চরঈশ্বর রায় দাসের হাট উচ্চ বিদ্যালয়, হাতিয়া, নোয়াখালী।

২.০ বর্ণিতাবস্থায়, উক্ত বিদ্যালয় দু'টির সহশিক্ষা চালুকরণ বিষয়ে বিদ্যমান নীতিমালার আলোকে সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিষ্ঠানটির পাঠদান, একাডেমিক স্বীকৃতি, এম.পি.ও ডুক্তির তারিখ, শ্রেণিভিত্তিক শিক্ষার্থী সংখ্যা, বিগত ০৩ (তিন) সালের জে.এস.সি./এস.এস.সি/এইচ.এস.সি পরীক্ষার ফলাফল, পার্শ্ববর্তী শিক্ষা প্রতিষ্ঠানের অবস্থান, অনাপত্তিপত্র এবং ম্যানেজিং কমিটির সিদ্ধান্ত উল্লেখপূর্বক সার্বিক বিষয়ে মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। তবে, (ক) বালিকা উপযোগি অবকাঠামো এবং বালিকা উপযোগি পরিবেশ আছে কি-না তার তথ্য, (খ) পার্শ্ববর্তী স্কুলে বালিকা কমে গিয়ে নেতিবাচক প্রভাব পড়বে কি-না তার তথ্যসহ এবং (গ) সহশিক্ষা চালু করার ফলে স্থানীয় জনগণের মধ্যে বিরূপ প্রতিক্রিয়া হবে কি-না সে বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদানের জন্যও অনুরোধ করা হলো।

(মোহাম্মদ মুহেল মাহমুদ)
উপসচিব

ফোন: ০২-৫৫১০১০৩২

nongovt.secondary.sec2@shed.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর/ কুমিল্লা।
০২. জেলা প্রশাসক, কুষ্টিয়া/ নোয়াখালী।

চলমান পাতা-০২


পাতা নং-০২

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭৩.৩৮.০৯৩.১৪.২৪০

তারিখ: ১১ অগ্রহায়ন ১৪৩০
২৬ নভেম্বর ২০২৩

সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে- অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অধ্যক্ষ/ প্রধান শিক্ষক,
- ৫। অফিস কপি/ সংরক্ষণ কপি।


(মোহাম্মদ সুহেল মাহমুদ)
উপসচিব